...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

প্রশাসন শাখা

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | নাসরীন আফরোজ<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ১৮ জুলাই ২০২১ খ্রি. রবিবার |
| সভার সময় | সন্ধ্যা : ৭.৩০ টা |
| স্থান | ভার্চুয়াল |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে করোনা ভাইরাসজনিত কারণে বিদ্যমান সংকট থেকে মুক্তির জন্য সভাপতি মহান সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২৭ জুন ২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :**

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | কোভিড ১৯ এর সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় সরকার ঘোষিত লকডাউনে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর ঢাকায় অবস্থানের বিষয়ে আলোচনা হয়। | লকডাউন চলাকালে ট্রাস্টের কোনো কর্মকর্তা/কর্মচারী ঢাকা ত্যাগ করতে পারবে না সবাইকে আবশ্যিকভাবে ঢাকায় অবস্থান করতে হবে। | কর্মকর্তা/কর্মচারী সকল |
| ২ | লকডাউনে জরুরি কাজ চিহ্নিত করে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। | লকডাউন চলাকালে ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীগণ ই-মেইল, টেলিফোনে যোগাযোগের মাধ্যমে এবং প্রয়োজনে জুম মিটিং এর মাধ্যমে ই-নথিতে জরুরি কাজ সম্পাদন করবেন। | কর্মকর্তা/কর্মচারী সকল |
| ৩ | লকডাউন চলাকালীন ট্রাস্টের যে সকল এফডিআরকৃত আমানত ম্যাচিউরড হবে সেগুলোর বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | লকডাউন চলাকালীন ট্রাস্টের যে সকল এফডিআরকৃত আমানত ম্যাচিউরড হবে সেগুলো যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যথাসময়ে পুনরায় এফডিআর করতে হবে। এক্ষেত্রে কোনোপ্রকার কালক্ষেপন করা যাবে না। | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) |

| | | | |
|---|---|---|---|
| ৪ | সহকারী পরিচালক উপবৃত্তি সভায় জানান, ২৭ জুলাই ২০২১ তারিখের মধ্যে ২য় পর্যায়ের টিউশন ফি প্রদানের মাধ্যমে ২০২০ সালের উপবৃত্তি প্রদান কার্যক্রম সম্পন্ন হবে। ২০২১ সালের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | স্নাতক ১ম বর্ষের ভর্তি কার্যক্রম আরম্ভ হওয়ার এক মাস পর ২০২১ সালের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। | সহকারী পরিচালক (উপবৃত্তি) |
| ৫ | ই-স্টাইপেন্ড সফটওয়্যার রক্ষণাবেক্ষণের জন্য সিনেসিস আইটির সঙ্গে সম্পাদিত চুক্তির মেয়াদ শেষ হয়ে গেলে ট্রাস্টের আইসিটি শাখা উক্ত সফটওয়্যারটি রক্ষণাবেক্ষণ করতে সমর্থ হবে কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়। | লকডাউনের মধ্যে ট্রাস্টের পরিচালক, উপপরিচালক এবং প্রোগ্রামারের সমন্বয়ে সিনেসিস আইটি-এর সঙ্গে সভা আয়োজনের মাধ্যমে ই-স্টাইপেন্ড সফটওয়্যার-এর বিদ্যমান সমস্যা চিনহিতকরণ ও সমাধানের উদ্যোগ নিতে হবে। | প্রোগ্রামার |
| ৬ | ট্রাস্টের প্রোগ্রামার সভায় জানান, আপডেটেড টেকনোলজি ব্যবহার করে ই-শিক্ষা সহায়তা ও ই-আর্থিক অনুদান সফটওয়্যার দুইটি প্রস্তুতের কাজ বহুলাংশে সমাপ্ত হয়েছে, আরো পনের দিন সময় পাওয়া গেলে সফটওয়্যার প্রস্তুতের কাজ পুরোপুরি সম্পন্ন হবে। | আগামী পনের দিনের মধ্যে ই-শিক্ষা সহায়তা ও ই-আর্থিক অনুদান সফটওয়্যার দুইটি প্রস্তুতের কাজ সম্পন্ন করতে হবে। | প্রোগ্রামার |
| ৭ | বঙ্গবন্ধু স্কলার নির্বাচনের লক্ষ্যে বাছাইকৃত শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগস্টের পরে সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধু স্কলার নির্বাচনের লক্ষ্যে বাছাইকৃত শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। | উপপরিচালক |
| ৮ | ১৫ আগস্ট ২০২১ তারিখে জাতীয় শোক দিবস পালনের বিষয়ে সভায় আলোচনা হয়। | মন্ত্রীপরিষদ বিভাগ হতে জারিকৃত নির্দেশনার আলোকে জাতীয় শোক দিবসের কর্মসূচি নির্ধারণ করা হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৯ | আগামী ৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে ট্রাস্টি বোর্ডের মেয়াদ শেষ হয়ে যাবে বিধায় ১০ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে পরবর্তী ৩ বছরের জন্য ট্রাস্টি বোর্ডের মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে মাধমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী এক সপ্তাহের মধ্যে ট্রাস্টি বোর্ডের মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে মাধমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৯০ তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৮

২৯ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৯) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১২) হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২০) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান

সহকারী পরিচালক